

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/বিভাগের আওতায় ২০১৩-১৪ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্র:নং	মন্ত্রণালয়/ বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন- সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১)	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	০৩	০২	০১	--	--	০২	সর্বনিম্ন ০% সর্বোচ্চ ১২০%	০১	সর্বনিম্ন ০% সর্বোচ্চ ০%

- সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ২০১৩-১৪ অর্থ বছরের এডিপিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক মোট ০৩ (তিন)টি প্রকল্প সমাপ্ত হয়েছে।
- সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ : বাস্তবায়ন পর্যায়ে ডলারের বিপরীতে বাংলাদেশী মুদ্রার বিনিময়ের হার বৃদ্ধি পাওয়ায় এবং কতিপয় অংগের কার্যক্রম অসমাপ্ত থাকায় প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ বৃদ্ধি ঘটে।
- সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ :

সমস্যা	সুপারিশ
প্রকল্পের নামঃ Equivalence for Non-formal Vocational Education Curriculum Development Programme (Revised) শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প	
<p>৩.১ প্রকল্পটির আওতায় ০৬টি ট্রেডের কারিকুলাম প্রণয়ন করা হয়েছে মর্মে জানা গেছে, কিন্তু প্রণীত কারিকুলামগুলো বাস্তবায়নের হালনাগাদ অবস্থা সম্পর্কে কোন তথ্য পাওয়া সম্ভব হয়নি, ফলে প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্য কতটা অর্জিত হয়েছে তা জানা সম্ভব হচ্ছে না ;</p> <p>৩.২ প্রকল্প সমাপ্ত হওয়ার পর এর বিভিন্ন ডকুমেন্টসহ যাবতীয় নথিপত্র সংরক্ষণের দায়িত্ব কার উপর অর্পিত আছে-এ বিষয়টি স্পষ্ট নয়। বস্তুত প্রকল্প সম্পর্কিত তথ্যাদি পেতে বেশ বেগ পেতে হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নের কোন চিত্র সংগ্রহ করা সম্ভব হয়নি; এবং</p> <p>৩.৩ প্রকল্প সমাপ্ত হয়েছে ডিসেম্বর, ২০১৩। অদ্যাবধি প্রকল্পের উপর কোন এক্সটার্নাল অডিট সম্পন্ন করা হয়নি।</p>	<p>৩.১ প্রকল্পের আওতায় নির্বাচিত ৬ টি ট্রেডের জন্য প্রণীত কারিকুলামগুলো বাস্তবায়নের হালনাগাদ অবস্থা সম্পর্কিত তথ্য আইএমইডি'তে প্রেরণ করতে হবে ; এবং</p> <p>--</p> <p>৩.৩ প্রকল্পটির উপর অডিট কার্য যথাশীঘ্র সম্পন্ন করে অডিট প্রতিবেদন আইএমইডি'তে প্রেরণ করতে হবে।</p>
প্রকল্পের নামঃ “মানব উন্নয়নের জন্য সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা প্রকল্প-২” শীর্ষক প্রকল্প	
<p>৩.৪ প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কেন্দ্রগুলো প্রকল্প পরবর্তীকালে সামাজিক মিলনকেন্দ্রে পরিণত করার একটি পরিকল্পনা প্রকল্পের আওতায় নেয়া হয়েছিল। কিন্তু সরকারি জমির উপর কেন্দ্র স্থাপন না করা এবং কেন্দ্র নির্মাণ ব্যয় মাত্র ২০,০০০/- টাকা নির্ধারণ করার কারণে অধিকাংশ কেন্দ্রগুলো স্থায়ী করা সম্ভব হয়নি। আবার অনেক ক্ষেত্রে যথাযথ তদারকীর অভাবে কেন্দ্রগুলো পূর্বাবস্থায় বজায় রাখা সম্ভব হয়নি। অন্যের জমিতে কেন্দ্র নির্মাণ করায় শিক্ষাচক্র সমাপ্ত হওয়ার পর জমিদাতা জমি ফিরিয়ে নেয় ; ফলে কেন্দ্রগুলো অবলুপ্ত হয়ে গেছে;</p>	<p>৩.৪ সরকারি জমিতে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন না করায় এবং কেন্দ্র নির্মাণে বরাদ্দ যথেষ্ট অপ্রতুল হওয়ায় কেন্দ্রগুলো Sustainable করা সম্ভব হয়নি। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণে এ বিষয়গুলো বিবেচনায় নেয়া সমীচীন, নতুবা প্রকল্প বাস্তবায়নে ব্যয়িত বিপুল পরিমাণ সরকারি অর্থের অপচয়ের সম্ভাবনাকে এড়ানো যায় না; এবং</p>

<p>৩.৫ প্রশিক্ষণ কেন্দ্রগুলো Sustainable করার লক্ষ্যে প্রতিটি জেলার প্রতিটি কেন্দ্রে প্রতি শিক্ষাচক্রে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রকল্পের আওতায় ফিক্সড ডিপোজিট হিসেবে রাখা ছিল। যার মুনাফা থেকে কেন্দ্রগুলো রক্ষণাবেক্ষণের ব্যয় নির্বাহ করার পরিকল্পনা নেয়া হয়েছিল। কিন্তু এ পরিমাণ অর্থ অত্যন্ত অপ্রতুল ছিল মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মত ব্যক্ত করেছেন। উপরন্তু এ অর্থ এখনও অব্যয়িত অবস্থায় থেকে গেছে মর্মে অবহিত করা হয়েছে;</p>	<p>৩.৫ কেন্দ্রগুলো রক্ষণাবেক্ষণের জন্য FDR-এর মাধ্যমে গচ্ছিত অর্থ অব্যয়িত অবস্থায় ফেলে না রেখে তা সরকারি কোষাগারে অবিলম্বে ফেরৎ প্রদান করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা বাঞ্ছনীয়;</p>
<p>৩.৬ উপজেলা পর্যায়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর যথেষ্ট সংখ্যক জনবলের অভাব রয়েছে। অল্পসংখ্যক জনবল দ্বারা শিক্ষাকেন্দ্র তথা প্রকল্পের কার্যক্রম তদারকী করা কষ্টসাধ্য ছিল।</p>	<p>৩.৬ প্রকল্পের উপর সম্পাদিত অভ্যন্তরীণ এবং এক্সটার্নাল দুই ধরনের যথেষ্ট সংখ্যক অনিষ্পন্ন অডিট আপত্তি যথাশীঘ্র নিষ্পত্তি করে আইএমইডি-কে অবহিত করতে হবে।</p>
<p>প্রকল্পের নামঃ “Capacity Development for Education for all” শীর্ষক প্রকল্প</p>	
<p>৩.৭ প্রকল্পটি যদিও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অধীনে বাস্তবায়িত হয়েছে মর্মে কাগজে কলমে উল্লেখ আছে কিন্তু প্রকৃতপক্ষে সকল ধরনের কার্যাবলী ও আর্থিক বিষয়াদি ইউনেস্কোর সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হয়েছে। বস্তুত : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ’র সাথে প্রকল্পের সমন্বয়ের যথেষ্ট অভাব ছিল মর্মে প্রকল্পসূত্রে অবহিত করা হয়েছে ;</p>	<p>৩.৭ আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটির অনুমোদিত প্রকল্প দলিলে প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে অতিরিক্ত ব্যয়ের বিষয়টি আদৌ কাম্য নয়, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ খতিয়ে দেখতে পারে; এবং</p>
<p>৩.৮ টিপিপি’র অনুমোদিত অংগ ভিত্তিক ব্যয় বিবরণী পর্যালোচনান্তে দেখা যায়, কতিপয় অংগের অনুমোদিত বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা হয়েছে। উদাহরণ স্বরূপ, “Piloting NFE delivery Mechanisium in 02 Districts” খাতে অনুমোদিত বরাদ্দ ২৭.৫৫ লক্ষ টাকার বিপরীতে ব্যয়িত হয়েছে ৩২.৫৫ লক্ষ টাকা যা বরাদ্দের ১১৮%। এছাড়া প্রকল্পের আওতায় পাইলট ভিত্তিতে ৮ টি CLC স্থাপনের সংস্থান থাকলেও প্রকৃতপক্ষে স্থাপন করা হয়েছে ১৪ টি এবং ব্যয়িত হয়েছে ২৬.৬০ লক্ষ টাকার স্থলে ২৯.৫০ লক্ষ টাকা। Action Research on NFE Delivery অংগেও অনুমোদিত বরাদ্দের অতিরিক্ত ৩.৬০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এক্ষেত্রেও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সাথে প্রকল্পের অর্থায়নকারী UNESCO সমন্বয়হীনতা প্রতীয়মান হয়; এবং</p>	<p>৩.৮ প্রকল্প কার্যক্রমের যথাশীঘ্র অডিট কার্যক্রম পরিচালনা করে তা আইএমইডি’কে অবহিত করতে হবে।</p>
<p>৩.৯ প্রকল্প চলাকালীন অথবা প্রকল্প সমাপ্তির পর কোন অডিট কার্যক্রম পরিচালিত হয়নি মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সূত্রে জানা যায়।</p>	<p>৩.৯ প্রকল্পটির উপর অডিট কার্য যথাশীঘ্র সম্পন্ন করে অডিট প্রতিবেদন আইএমইডি’তে প্রেরণ করতে হবে।</p>

“মানব উন্নয়নের জন্য সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা”
শীর্ষক সমাপ্তি প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১৩)

- ১। প্রকল্পের অবস্থান : দেশের ৬টি প্রশাসনিক বিভাগের ২৯টি জেলার ২১০টি উপজেলা
 (পৌরসভা ব্যতীত সকল উপজেলা)
- ২। বাস্তবায়নকারী সংস্থা : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
- ৩। প্রশাসনিক মন্ত্রণালয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
- ৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (প্রঃ সাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল (প্রঃ সাঃ)	সর্বশেষ সংশোধিত (প্রঃ সাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট : ৫৬৭১৫.০০ জিওবি: ১১২৮৫.৭৮ প্রঃ সাঃ ৪৫৪২৯.২২	মোট : ৫৭৫৩৬.৬৭ জিওবি: ১৪৮৮৬.৫০ প্রঃ সাঃ ৪২৬৫০.১৭	মোট : ৩৫১৯১.৯১ জিওবি: ৯০৯৫.০০ প্রঃ সাঃ ২৬০৯৬.৯১	জুলাই, ২০০২ হতে জুন, ২০০৭	জুলাই, ২০০২ হতে জুন, ২০১৩	জুলাই, ২০০২ হতে ডিসেম্বর, ২০১৩	--	১২০%

- ৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (PCR)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

Items of work (as per PP)	Unit	Target (as per PP)	Actual Progress	Reasons for deviation (±)& %
		Financial (BDT in lakh)	Financial (BDT in lakh)	
A. REVENUE COMPONENT				
1. Manpower: Salary and Allowances				
Salary : Officers	PMs	535.60	397.84	3312PMs 78.3%
Salary : Staff	PMs	165.49	107.51	2425PMs 79.52%
Allowances	PMs	465.67	440.88	5923 PMs 78.81%
Subtotal			946.23	
a. Contingent & unallocated fund	LS	842.85	1870.82	LS 45.1824%
b. Tax & Vat	LS	549.76	435.46	LS 16.05%
c. Service charge/interest	LS	144.00	0.00	LS 0.00%
d. Research and Study				
Periodic Dialogue with GOB/Donors		2.00	0.00	0 0.00%
IGA opportunity/Base line survey	No.	629.18	570.93	193 study 91.904%
Applied research/Tracer study		60.00	0.00	0 0.00%

Items of work (as per PP)	Unit	Target (as per PP)	Actual Progress	Reasons for deviation (±)& %
		Financial (BDT in lakh)	Financial (BDT in lakh)	
e. Social Mobilization	LS	1203.49	701.56	LS
				48.66%
f. Curriculum Development & Training				
Material Development, Printing and distribution	LS	1722.91	270.62	LS
				4.62%
Training for INGOs staff				
i) Foundation training for MTs & PCs	Per	47.25		371per
				74.20%
ii) Refresher Training for Master Trainers and PCs	Per	60.95		359per
				55.66%
iii) Foundation training for Supervisors & Facilitators	Per	927.48	14348per	
			64.24%	
iv) Refresher training for Supervisors & Facilitators	Per	1021.00	8102per	
			32.96%	
g. In country Training				
Training on Planning, Information & Decision Making for INGO officer	Per	11.60	56.16	18per
				15.52%
Staff Development				
i) HRD Planning	Per	9.68		48per
				66.67%
ii) MIS Strengthening	Per	11.60		25per
				28.41%
iii) Training on Project Implementation and Management	Per	17.02	250per	
			73.52%	
h. Workshop				
i. NFE Policy framework implementation	Nos.	11.19	56.16	6 nos
				66.67%
ii. Promoting PPP/Annual National Workshop	Nos.	12.46		3 nos
			37.5%	
iii. District Semestarial Workshop	Nos.	74.83	30 nos	
			26.55%	
Staff Development Workshop				
iv. General Project Orientation	Nos.	6.09	56.16	4 nos
				80.00%
v. Annual Project Implementation plan	Nos.	3.64		2 nos
			66.67%	
vi. District review and consultation	Nos.	33.76	12 nos	
			17.39%	
i. Consultancy Services				
Contract service	PMs	2.40	0.86	18pms
				100.00%
Individual consultant				
PAS Coordinator	PMs	371.80	354.40	21pms
				100.00%
Financial Specialist	PMs	8.46	0	6pms
				100.00%
Procurement Specialist	PMs	9.03	0	6pms
				100.00%
NFE policy SP.	PMs	18.01	0	11pms
				100.00%
MTR Consultancy Services	PMs	4.72	2.39	0pms

Items of work (as per PP)	Unit	Target (as per PP)	Actual Progress	Reasons for deviation (±)& %
		Financial (BDT in lakh)	Financial (BDT in lakh)	
				0.00%
MIS Specialist	PMs	39.91	34.20	39pms
				86.67%
RC-Coordinator	PMs	60.02	17.80	38pms
				86.36%
Consulting Firm				
Consultancy Services for Capacity Building (CSCB)	PMs	213.1	195.19	52 PMs
				98.113%
Curriculum Development and Program Implementation(CDPI)	PMs	628.17	437.49	114 PMs
				100%
j. Market Study	Nos.	24.00	0.00	0 nos
				0.00%
k. Comparative Overseas Study Tour	Nos.	222.49	190.75	50 nos
				100.00%
I. Monitoring, Evaluation & Reporting				
Third party monitoring of INGO's activities by MOPA	Ler no.	1015.11	476.04	837000 ler
				52.31%
Third Party Financial Audit	Lot	49.28	20.61	3 lot
				75.00%
m. MIS Database		661.21	323.25	837000 ler
				70.00%
n. MIS System Adaption		17.70	15.30	LS
				64.01%
o. CEC establishment cost				
i. Phase-I	Cen	528.38	3390.93	1054 cen
				100.00%
ii. Phase-II	cen	1484.86		2932 cen
				98.85
iii. Phase-III	Cen	1581.81		3161 cen
				100.00%
p. PLCE operation cost				
i. Phase-I (6 Districts: 31 upazillas)	Ler	7634.76	24227.31	242760 ler
				79.333%
ii. Phase-II (12 Districts:, 87 upazillas)	Ler	15366.85		479880 ler
				77.935%
iii. Phase-III (11 District, 92 upazillas)	Ler	16924.80		477360 ler
				70.380%
q. Community Contribution	Cen	898.65	0.00	7147 cen
				99.53%
Total			33215.69	
3. Operation & Maintenance	LS	169.77	93.39	LS
				36.44%
Total Revenue Expenditure		56487.3	34255.31	
B. CAPITAL COMPONENT				
a. Civil Work	LS	679.78	628.46	LS
				81.91 %
b. Machinery & equipment	Nos.	162.12	60.22	338 Nos
				83.37%

Items of work (as per PP)	Unit	Target (as per PP)	Actual Progress	Reasons for deviation (±)& %
		Financial (BDT in lakh)	Financial (BDT in lakh)	
c. Furniture	Nos.	40.44	40.44	758 Nos 100.00%
d. Transport/vehicles	Nos.	166.91	130.57	62 Nos 98.41%
e. Computers and others	Nos		76.19	96.00%
Total Capital Expenditure		1049.25	935.88	
GRAND TOTAL		57536.6	35191.19	-

প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অগ্রগতি সম্পর্কিত সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের মোট আর্থিক অগ্রগতি ৬১.১৬%, যা সন্তোষজনক নয় বলে প্রতীয়মান হয়।

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কোন উল্লেখযোগ্য কাজ অসমাপ্ত নেই।

৭। সাধারণ পর্যবেক্ষণঃ

৭.১। **পটভূমিঃ** সরকার বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সহযোগিতায় ও নিজস্ব অর্থায়নে দেশের নিরক্ষর জনগণকে সাক্ষরতা জ্ঞান প্রদানের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। যার মধ্যে উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প - ১, ২ ও ৩ এর কার্যক্রম বেসরকারি প্রতিষ্ঠান (এনজিও) এর মাধ্যমে বাস্তবায়িত হয়েছে। উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প -৪ জেলা প্রশাসনের নেতৃত্বে বাস্তবায়িত হয়, যা Total literacy Movement (TLM) নামে ব্যাপকভাবে পরিচিত লাভ করেছিল। উক্ত প্রকল্পসমূহের মাধ্যমে ১.৭৮ কোটি নিরক্ষর ব্যক্তি মৌলিক সাক্ষরতা কর্মসূচীর আওতাভুক্ত হয়। উল্লেখ্য, Total literacy Movement (TLM) কার্যক্রমের সফলতার কারণেই দেশে সাক্ষরতার হার শতকরা ৬৫ ভাগে উন্নীত হয়, যার স্বীকৃতিস্বরূপ বাংলাদেশ সরকার ১৯৯৮ সালে ইউনেস্কো আন্তর্জাতিক সাক্ষরতা পুরস্কার লাভ করে। এসকল কর্মসূচি বাস্তবায়নের অভিজ্ঞতায় দেখা গেছে, নব্য সাক্ষরজ্ঞান সম্পন্ন ব্যক্তিবর্গ কিছুদিনের মধ্যেই সাক্ষরতা জ্ঞান ভুলে যান অথবা সাক্ষরতার মান বৃদ্ধিতে ভূমিকা রাখতে পারে না। ফলে Total literacy Movement (TLM) এর সফলতা অব্যাহত রাখার লক্ষ্যে এ সকল নব্যসাক্ষরদের সাক্ষরতার মান বৃদ্ধিতে ভূমিকা রাখতে পারেন না। ফলে Total literacy Movement (TLM) এর সফলতা অব্যাহত রাখার লক্ষ্যে এসকল নব্যসাক্ষরদের সাক্ষরতার মান ধরে রাখা এবং নতুন কর্মক্ষেত্র সৃষ্টি ও দারিদ্রের দৃষ্টচক্র থেকে তাদের মুক্ত করার লক্ষ্যে আরও প্রশিক্ষণের প্রয়োজন অনুভূত হয়। ফলশ্রুতিতে ১৯৯৮ সালে সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা কার্যক্রমের উদ্যোগ গ্রহণ ও কার্যক্রমের সূচনা করা হয় এবং দুটি সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা কর্মসূচী গ্রহণ করে। সরকারকে এ বিষয়ে সহযোগিতা প্রদানের লক্ষ্যে বিশ্ব ব্যাংক ও এশীয় উন্নয়ন ব্যাংক এগিয়ে আসে। এর পরিপ্রেক্ষিতে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) আর্থিক সহায়তায় ২৯টি জেলার (০৩টি পার্বত্য জেলা ব্যতীত) ২১০টি উপজেলায় মানব উন্নয়নের জন্য সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা প্রকল্প -২ গ্রহণ করা হয় যা একনেক কর্তৃক ২৩-০৪-২০০২ তারিখে অনুমোদিত হয়।

৭.২। **প্রকল্পের উদ্দেশ্যঃ** প্রকল্পের প্রধান উদ্দেশ্যাবলী ছিল নিম্নরূপ :

- দেশে সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা পরিচালনার মাধ্যমে মানব সম্পদের উন্নয়ন ;
- ১৬ লক্ষ নব্য সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা কর্মসূচীতে অন্তর্ভুক্তির মাধ্যমে ইতোপূর্বে অর্জিত সাক্ষরতা দক্ষতা ধরে রাখা, সুসংহত করা ও মান উন্নত করা ; এবং
- অব্যাহত শিক্ষা কর্মসূচীর আওতায় কারিগরি দক্ষতা প্রশিক্ষণের মাধ্যমে অধিক আয়ের দ্বারা তাদের জীবন যাত্রার মান উন্নয়নে সহায়তা করা, তাদেরকে প্রদীপ্ত ও উৎপাদনশীল নাগরিক হিসেবে গড়ে তোলা।

৭.৩। **প্রকল্পের মূল কার্যক্রমঃ** নিম্নবর্ণিত ০৪ টি অংগ বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পরিকল্পনা নেয়া হয় :

- উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র পলিসি ফ্রেমওয়ার্ক উন্নয়নে সহায়তা প্রদান ;
- উপানুষ্ঠানিক শিক্ষার পাঠ্যক্রম উন্নয়ন ;
- প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পৃক্ত সংস্থাগুলোর ক্ষমতা ও দক্ষতা উন্নয়ন ; এবং
- ১২ লক্ষ সাক্ষর ব্যক্তিকে সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা প্রদান।

৭.৪। **অনুমোদন পর্যায় ও সংশোধনঃ** আলোচ্য প্রকল্পটির মূল মেয়াদ ০৫ বছর অর্থাৎ জুলাই, ২০১২ থেকে জুন, ২০০৭ পর্যন্ত নির্ধারণ করা হয়, যা ২৩.০৪.২০০২ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পের প্রকৃত বাস্তবায়ন শুরু হয় অক্টোবর, ২০০২ থেকে। প্রকল্পের জনবল নিয়োগের পর এনজিও নিয়োগ প্রক্রিয়া চলাকালে ০১ নভেম্বর, ২০০৩ তারিখে সরকার উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তরকে বিলুপ্ত ঘোষণা করে। এডিবি ০৩ মে, ২০০৪ তারিখে ঋণচুক্তির উপর নিষেধাজ্ঞা জারি করে। এ কারণে প্রকল্পের মূল কার্যক্রম ০৪ মে ২০০৪ থেকে বন্ধ হয়ে যায়। পরবর্তীতে সরকার ১৪ এপ্রিল, ২০০৫ তারিখে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো প্রতিষ্ঠা করে এবং ৯ ফেব্রুয়ারি, ২০০৬ তারিখে উপানুষ্ঠানিক শিক্ষানীতি প্রবর্তন করে। শর্তপূরণ করায় এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) ২০ জুন, ২০০৬ তারিখে নিষেধাজ্ঞা তুলে নেয়। এডিবি'র পরামর্শক্রমে মোট ১৬ লক্ষ নব্য সাক্ষর ও প্রাথমিক শিক্ষা থেকে বারে পড়া জনগোষ্ঠীকে (অর্ধেক নারী) লক্ষ্যমাত্রা ধরে ৯ মাসব্যাপী সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা প্রদানের পরিকল্পনা নিয়ে প্রকল্পের কাজ জুন, ২০১১ পর্যন্ত পুনঃনির্ধারণ করে প্রকল্পটির ১ম সংশোধনী আনা হয় এবং ২৭.০৯.২০০৬ তারিখে একনেক কর্তৃক তা অনুমোদিত হয়। প্রকল্পের কার্যক্রম নির্বাচিত এনজিওসমূহের মাধ্যমে করানোর লক্ষ্যে এনজিও নির্বাচন কার্যক্রম দীর্ঘসূত্রী হওয়ায় প্রকল্পের কার্যক্রমও বিলম্বিত হয়ে পড়ে। ফলে প্রকল্পের মেয়াদ আরও ০২ (দুই) বছর অর্থাৎ জুন, ২০১৩ পর্যন্ত বৃদ্ধি করার লক্ষ্যে দ্বিতীয়বার সংশোধন করা হয় এবং ০৭.১২.২০১০ তারিখে একনেক কর্তৃক সংশোধনী প্রস্তাব অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের বরাদ্দের বিপরীতে ব্যয়ের হিসাবপত্র চূড়ান্তকরণ, এনজিওদের প্রাপ্য পরিশোধ এবং প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) প্রণয়নের লক্ষ্যে পুনরায় প্রকল্পটির মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০৩ (তিন) মাস করে ০২ (দুই) দফা বৃদ্ধি করা হয় এবং ডিসেম্বর, ১৩ মাসে প্রকল্পটি সমাপ্ত হয়।

৭.৫। **প্রকল্প ব্যবস্থাপনাঃ** প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তা প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল		প্রকল্প পরিচালকের ধরন
		আরম্ভ	শেষ	
১।	জনাব আবুল হাসনাত মোঃ শামসুল ইসলাম উপ-সচিব	২১-০৯-২০০২	২১-০৯-২০০২	পূর্ণকালীন
২।	জনাব মোহাম্মদ লিয়াকত আলী উপ-সচিব	২১-০৯-২০০২	১১-১১-২০০২	পূর্ণকালীন
৩।	জনাব মোঃ আবদুল গফুর খান উপ-সচিব	১১-১১-২০০২	০১-০৬-২০০৫	পূর্ণকালীন
৪।	জনাব মোঃ জায়েদুল হক মোল্লা যুগ্ম-সচিব	০১-০৬-২০০৫	২৯-০৯-২০০৯	
৫।	জনাব মোঃ ওসমান খান উপ-সচিব	২৯-০৯-২০০৯	১৫-১১-২০০৯	পূর্ণকালীন
৬।	জনাব মোঃ জায়েদুল হক মোল্লা যুগ্ম-সচিব	১৫-১১-২০০৯	২৪-০৮-২০১১	পূর্ণকালীন
৭।	জনাব এম এ মান্নান তালুকদার যুগ্ম-সচিব	২৪-০৮-২০১১	৩১-০১-২০১৪	পূর্ণকালীন

৭.৬। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

(ক) ডিপপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(গ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৮। **প্রকল্পের বছর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				অবমুক্ত	ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা	প্রঃ সাঃ	বাস্তব (%)		মোট	টাকা	প্রঃ সাঃ	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০০২-০৩	২৮৮.০০	১১২.২৬	১৭৫.৭৪	-	২৮৬.৪৩	২৮৬.৪৫	৮৯.২৬	১১৪.৭৫	৬০
২০০৩-০৪	৫৪২.৩১	২৫৩.৭২	২৮৮.৫৯	-	৫৪২.৩০	৫৪২.৩১	১৯৭.৯০	৩৪৪.৪১	৭৮
২০০৪-০৫	৩২.০৮	৩২.০৮	০.০০	-	৩২.০৮	৩২.০৮	৩২.০৮	০.০০	৫০
২০০৫-০৬	১৮.৯৮	১৮.৯৮	০.০০	-	১৮.৯৮	১৮.৯৮	১৮.৯৮	০.০০	৭০
২০০৬-০৭	২৯৫.৫২	২১৮.০৯	৭৭.৪৩	-	৫১৮.২৫	২৮৮.৫৭	২৮৮.৫৫	০.০২	৮০
২০০৭-০৮	১৪১৬.৪২	২৮৫.৭১	১০১৭.৫৫	-	১৪৯৯.২৫	১৩০৬.৪৫	১৮৭.৩৬	১০৯৭.৮৮	৮০
২০০৮-০৯	৬১৭৫.৫৮	১০১৯.৯১	৪৫১০.৬৫	-	৭৩০৭.০০	৫৮৯৮.০৭	৩৯৫.৫৩	৫৫০২.৫৪	৮৮
২০০৯-১০	৪০৬৫.৪০	৯৩৩.০১	৩০৮৫.৬১	-	৬৬২৮.০০	৪০৪৬.৮৪	৬৮২.০৬	৩৩৬৪.৭৮	৯০
২০১০-১১	১৮৮৫৩.৪১	৪৫৪০.০১	১৪২১৯.৭২	-	৭৫০০.০০	৭৪৯৯.৮২	১৭৯৯.৮৫	৫৬৯৯.৯৭	৯৮
২০১১-১২	১৫৮০৮.৬২	৪২১৭.১৮	১১৫৯১.৪৪	-	৭৫০০.০০	৮৮০৩.৮৯	২৭৫৩.০২	৬০৫০.৮৭	৯৭
২০১২-১৩	১০০৪০.৩৫	৩২৫৫.৫৬	৬৭৮৪.৭৯	-	৯৫০০.০০	৬০৪২.২৭	২২২৫.৩৭	৩৮১৬.৯১	৯৬
২০১৩-১৪	৯৭৯.০০	৯৭৯.০০	০.০০	-	৯৭৯.০০	৪২৫.১৭	৪২৫.১৭	০.০০	৯৯
মোট =				-	৪২৩১১.২৯	৩৫১৯১.১৯	৯০৯৫.১৪	২৫৯৯২.১১	৮২.১৭

৯। অডিট :**৯.১। অভ্যন্তরীণ অডিটঃ**

প্রকল্পের উপর ২০১১, ২০১২, ২০১৩ এবং ২০১৪ সালে অভ্যন্তরীণ অডিট সম্পাদিত হয়েছে এবং প্রায় প্রতিবছরই আপত্তি উত্থাপিত হয়েছে মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সূত্রে জানা যায়। এর মধ্যে অধিকাংশ অডিট আপত্তিই নিষ্পত্তি করা হয়নি।

৯.২। এক্সটার্নাল অডিটঃ

প্রকল্পটির কার্যক্রমের উপর প্রতি বছর অর্থাৎ ২০০৮-০৯, ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-১৩, এবং ২০১৩-১৪ (ডিসেম্বর, ১৩ পর্যন্ত) সালে FAPAD কর্তৃক অডিট কার্যক্রম সম্পাদিত হয়। প্রতিটি অডিট কার্যক্রমে “Serious Financial and Other Irregularities” মর্মে একই আপত্তি উত্থাপিত হয়। কিন্তু পিসিআর সূত্রে জানা যায় যে, কিছু সংখ্যক অডিট আপত্তি এখনও নিষ্পত্তি করা হয়নি।

১০.০। উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ : প্রকল্পের উদ্দেশ্য অনেকাংশে অর্জিত হলেও সঠিক বাস্তবায়ন কৌশলের অভাবে প্রকল্পের কার্যক্রম Sustainable করা সম্ভব হয়নি।

১১.০। প্রকল্প পরিদর্শনঃ

গত ০৭.০১.২০১৬ তারিখে আইএমইডি কর্তৃক প্রকল্পের কার্যালয় সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্য সহায়তা দিয়েছেন। প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) এবং প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত তথ্য অনুযায়ী প্রকল্পটির মাঠ পর্যায়ের কার্যক্রম বাস্তবায়নের চিত্র নিয়ে তুলে ধরা হলোঃ

১১.১। প্রকল্পের আওতায় সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা কোর্স বাস্তবায়ন কৌশল :

প্রকল্পের আওতায় ২৯ টি জেলায় বৃহৎ ২৯ টি এনজিও নির্বাচনপূর্বক নির্বাচিত এনজিও'র মাধ্যমে মাঠ পর্যায়ে সাক্ষরতা উত্তর অব্যাহত শিক্ষা কোর্স বাস্তবায়নের (পিএলসিই) কৌশল গ্রহণ করা হয়। মাঠ পর্যায়ে পিএলসিই কোর্স বাস্তবায়নের সম্পূর্ণ দায়িত্ব নির্বাচিত ২৯ টি এনজিও'র উপর দেয়া হয়েছিল। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক প্রকল্প বাস্তবায়ন ইউনিটের মাধ্যমে অর্থায়ন করা হয় এবং এনজিওসমূহের কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হয়। নির্বাচিত এনজিওসমূহ স্থানীয় জনগণ, জনপ্রতিনিধি এবং স্থানীয় প্রশাসনের সহযোগিতা এবং অংশগ্রহণে নিম্নোক্ত দায়িত্ব পালন করে :

১) বেইজলাইন সার্ভে, ২) শিক্ষার্থী নির্বাচন, ৩) শিক্ষা কেন্দ্রের স্থান নির্বাচন, ৪) ব্যবস্থাপনা কমিটি গঠন, ৫) কেন্দ্র স্থাপন, ৬) শিক্ষা উপকরণ বিতরণ, ৭) নির্ধারিত সময়ে পিএলসিই কোর্স শুরু ও সঠিকভাবে সম্পন্ন করা ; ৮) এনজিও'র নিজস্ব কার্যক্রম পরিবীক্ষণ ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ; এবং ৯) শিক্ষার্থীদের আয়বর্ধক কাজে যুক্ত হওয়ার জন্য বিভিন্ন সংস্থার সাথে সংযোগ করে দেওয়া।

১১.২। প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত বিবরণ :

প্রকল্পটির আওতায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদিত হয়েছে :

১) **এনজিও নির্বাচন ও সাব-কন্ট্রাক্ট প্রদান** : প্রকল্পের আওতাভুক্ত ২৯ টি জেলার প্রতিটি জেলায় প্রকল্পের কার্যাবলী বাস্তবায়নের জন্য ১ টি করে এনজিও হিসেবে মোট ২৯ টি নির্বাচন করা হয় এবং নির্বাচিত এনজিওসমূহ দ্বারা প্রকল্পের উদ্দিষ্ট কার্যাবলী বাস্তবায়ন করা হয়।

২) **বেইজলাইন সার্ভে পরিচালনা** : প্রকল্পের আওতায় শিক্ষার্থীদের সংশ্লিষ্ট উপজেলায় আয়বর্ধক কার্যক্রম চিহ্নিত করার লক্ষ্যে প্রকল্পভুক্ত ২৯ টি জেলায় মোট ২১০ টি বেইজলাইন সার্ভে পরিচালনা করা হয়। এই বেইজলাইন সার্ভে পরিচালনার মাধ্যমে প্রকল্পভুক্ত ২১০ টি উপজেলায় ২১০ ধরনের আয়বর্ধক-কার্যক্রম পরিচালনার সম্ভাব্যতা যাচাই করা হয়।

৩) **এনজিও কর্মী নিয়োগ** : নির্বাচিত এনজিওগুলোর কার্যক্রম পরিচালনার জন্য মোট ২১০৮ জন ফ্যাসিলিটিটর এবং ৭০ জন সুপারভাইজর নিয়োগ করা হয়। এনজিও কর্মীদের মাধ্যমে প্রকৃত পেশা, বসতভিটার জমির আয়তন, মাসিক আয় ইত্যাদি বিষয় বিবেচনা করে প্রকৃত চাহিদা রয়েছে এমন ব্যক্তিকে শিক্ষার্থী হিসেবে নির্বাচন করা হয়।

৪) **Continuing Education Centre (CEC) স্থাপন এবং শিক্ষার্থী ভর্তি** : আলোচ্য প্রকল্পের মুখ্য উদ্দেশ্য ছিল প্রকল্পভুক্ত ২৯ টি জেলায় কমিউনিটি ভিত্তিক চাহিদানির্ভর সাক্ষরতা উত্তর এবং একই সাথে অব্যাহত শিক্ষা কার্যক্রম চালু করা। এ উদ্দেশ্যে ১.২ মিলিয়ন নব্য সাক্ষর এবং প্রাথমিক শিক্ষা থেকে বারের পড়া শিক্ষার্থীর উন্নয়নের জন্য প্রাতিষ্ঠানিক রূপরেখা প্রণয়ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। সে মোতাবেক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্পভুক্ত সকল জেলায় Continuing Education Centre (CEC) স্থাপন করা হয়। প্রকল্পের আওতায় মার্চ, ২০০৮ থেকে মার্চ, ২০১২ পর্যন্ত ৭১৪৭ টি কেন্দ্রে সর্বমোট ১২,০০,০০০ জন শিক্ষার্থী Enrolled হয়েছে। প্রকল্পের আওতায় শিক্ষার্থী নির্বাচনের এ লক্ষ্যমাত্রা মার্চ, ২০১৩ নাগাদ পূর্ণ করা সম্ভব হয়েছে। কোর্স সমাপ্তকারী গ্রাজুয়েটের সংখ্যা ১১,০৩,১৬৫ জন। এদের মধ্যে পুরুষ শিক্ষার্থী ৫,৫০,৩৩৬ জন এবং নারী শিক্ষার্থী ৫,৫২,৮২৮ জন। প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের ব্যয় নির্ধারণ করা হয়েছিল ২০,০০০/- টাকা এবং স্থানীয় কমিউনিটি কন্ট্রিবিউশন বাবদ ৫০০০/-টাকা হিসেবে মোট ২৫,০০০/-টাকা। কেন্দ্রের জন্য জমি দান করেছে স্থানীয় জনগণ। মাত্র ২৫,০০০/-টাকায় স্থাপিত প্রশিক্ষণ শিক্ষা কেন্দ্রগুলো প্রকল্প কার্যক্রম সমাপ্ত হওয়ার পর অবলুপ্ত হয়ে গেছে। যদিও প্রশিক্ষণ কেন্দ্রগুলো সামাজিক মিলনকেন্দ্রে পরিণত করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। কিন্তু সরকারি জমির উপর কেন্দ্র নির্মাণ না করার ফলে এবং কেন্দ্র নির্মাণ ব্যয় প্রয়োজনের তুলনায় কম হওয়ার কারণে অধিকাংশ কেন্দ্রগুলো স্থায়ী হয়নি। আর কোন কোন কেন্দ্র নির্মাণ মানসম্মত না হওয়ায় ইতোমধ্যে ভেংগে পড়েছে।

৫) **বারে পড়া শিক্ষার্থীর রেকর্ড সংরক্ষণ** : শিক্ষার্থীদের মধ্যে হতে কিছুসংখ্যক শিক্ষার্থী বারে পড়েছে, পুরো কার্যক্রম সম্পন্ন করেননি। তথ্যসূত্রে দেখা যায়, মোট Enrolled শিক্ষার্থীর মধ্যে ৪.৯৪% (৫৯২৬০ জন) শিক্ষার্থী পুরো কার্যক্রম সম্পন্ন করেননি। তথ্য অনুসন্ধান জানা যায় বারে পড়া শিক্ষার্থীদের মধ্যে নারী শিক্ষার্থীর চেয়ে পুরুষ শিক্ষার্থীর সংখ্যা বেশী। পুরুষ শিক্ষার্থীরা জীবিকা নির্বাহের তাগিদে ব্যস্ত থাকার কারণে বারে পড়তে বাধ্য হয় মর্মে অনুমিত হয়। নারী শিক্ষার্থীদের কার্যক্রম সম্পূর্ণ করার কারণ হিসেবে প্রকল্প কর্মসূচীর আওতায় নারীদের উপযোগী ট্রেড নির্বাচনকে অভিহিত করা যায়।

৬) **ট্রেড নির্বাচন** : প্রকল্পটির মুখ্য উদ্দেশ্য ছিল শিক্ষার্থীদেরকে কারিগরিভিত্তিক প্রশিক্ষণ প্রদান করে আয়বর্ধক কর্মসূচিতে অংশগ্রহণের মাধ্যমে তাদের জীবনযাত্রার মান উন্নয়ন, জন্মের বৈষম্য দূরীকরণ ও নারীদের ক্ষমতায়ন ত্বরান্বিত করা। এছাড়া আরও উদ্দেশ্য ছিল যে, প্রকল্পের উদ্দিষ্ট জনগোষ্ঠীকে শিক্ষা-চক্রের সাথে সম্পৃক্ত করে তাদেরকে উৎপাদনক্ষম এবং সচেতন

নাগরিকে পরিণত করা। প্রকল্প সমাপ্তি প্রতিবেদনে প্রাপ্ত তথ্য অনুযায়ী মোট শিক্ষার্থীর ৫০ ভাগ মহিলা শিক্ষার্থী এবং মোট ১৮ টি ট্রেডের মধ্যে ৫২.১৭% শিক্ষার্থীই টেইলারিং ট্রেডকে বেছে নিয়েছেন। এদের মধ্যে ৫১.৭৮% শিক্ষার্থী একোর্সে গ্রাজুয়েট হয়েছেন।

৭) অন্যান্য কার্যাবলী : আলোচ্য প্রকল্পের মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ভবনের অডিটোরিয়ামটি আধুনিকায়ন করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় প্রশিক্ষণপ্রাপ্ত সকল শিক্ষার্থীর ডাটাবেইজ প্রণয়ন করে তা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কার্যালয়ের সার্ভারে সংরক্ষণ করা হয়েছে। এ প্রকল্পের আওতায় সম্পাদিত আরও একটি উল্লেখযোগ্য কাজ হচ্ছে প্রকল্পে দায়িত্বপালনকারী নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠান সিডিপিআই কর্তৃক এনএফই জেন্ডার পলিসি এবং এনএফই কারিকুলাম প্রণয়ন। এই কারিকুলাম পরবর্তীতে গৃহীত এ ধরনের অন্যান্য প্রকল্পে অনুসরণ করা হচ্ছে।

৮) প্রশিক্ষণপ্রাপ্তদের আর্থ-সামাজিক অবস্থায় প্রকল্প বাস্তবায়ন প্রভাব : প্রকল্প চলাকালীন এক সমীক্ষায় দেখে গেছে ইতোমধ্যেই শিক্ষার্থীদের মাসিক পারিবারিক গড় আয় ১৪,০৪৭.৩৮ টাকা থেকে বেড়ে ২০,৮৩৩.২৮ টাকায় উন্নীত হয়েছে। এপ্রিল, ২০১৩ মাসের তথ্যানুযায়ী কোর্স সম্পন্নকারীদের মধ্যে মোট ৪,৩৫,৬৬২ জন আয়বর্ধক কাজে নিয়োজিত হয়েছেন যা কোর্স সমাপ্তকারীদের প্রায় ৪০%। প্রকল্পসূত্রে অবহিত করা হয়েছে কিছু সংখ্যক শিক্ষার্থী কোর্স শেষে বিদেশে চলে গেছেন, তবে বিদেশে চাকুরী করতে যাওয়া গ্রাজুয়েটদের সঠিক সংখ্যা সরবরাহ করতে সক্ষম হননি প্রকল্প কর্তৃপক্ষ। এছাড়া সার্বিকভাবে আয়বর্ধক কাজের সাথে যুক্ত থাকার ফলে শিক্ষার্থীদের সার্বিক জীবনমানের ইতিবাচক পরিবর্তন ঘটেছে মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সূত্রে জানা যায়। তথ্যানুসন্ধানে জানা গেছে যে, বিশেষ করে নারী গ্রাজুয়েটদের মধ্যে পারিবারিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার প্রবণতা বৃদ্ধি পেয়েছে ; সংসারের সার্বিক পরিবেশ উন্নত হয়েছে। এবিষয়গুলো নারীর ক্ষমতায়নে ব্যাপক সহায়তা করেছে।

১২.০১ বাস্তবায়ন সমস্যাঃ

- ১২.১। প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কেন্দ্রগুলো প্রকল্প পরবর্তীকালে সামাজিক মিলনকেন্দ্রে পরিণত করার একটি পরিল্লনা প্রকল্পের আওতায় নেয়া হয়েছিল। কিন্তু সরকারি জমির উপর কেন্দ্র স্থাপন না করা এবং কেন্দ্র নির্মাণ ব্যয় মাত্র ২০,০০০/- টাকা নির্ধারণ করার কারণে অধিকাংশ কেন্দ্রগুলো স্থায়ী করা সম্ভব হয়নি। আবার অনেক ক্ষেত্রে যথাযথ তদারকীর অভাবে কেন্দ্রগুলো পূর্বাবস্থায় বজায় রাখা সম্ভব হয়নি। অন্যের জমিতে কেন্দ্র নির্মাণ করায় শিক্ষাচক্র সমাপ্ত হওয়ার পর জমিদাতা জমি ফিরিয়ে নেয় ; ফলে কেন্দ্রগুলো অবলুপ্ত হয়ে গেছে ;
- ১২.২। প্রশিক্ষণ কেন্দ্রগুলো Sustainable করার লক্ষ্যে প্রতিটি জেলার প্রতিটি কেন্দ্রে প্রতি শিক্ষাচক্রে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রকল্পের আওতায় ফিল্ড ডিপোজিট হিসেবে রাখা ছিল। যার মুনাফা থেকে কেন্দ্রগুলো রক্ষণাবেক্ষণের ব্যয় নির্বাহ করার পরিকল্পনা নেয়া হয়েছিল। কিন্তু এ পরিমাণ অর্থ অত্যন্ত অপ্রতুল ছিল মর্মে প্রকল্প কর্তৃপক্ষ মত ব্যক্ত করেছেন। উপরন্তু এ অর্থ এখনও অব্যয়িত অবস্থায় থেকে গেছে মর্মে অবহিত করা হয়েছে ;
- ১২.৩। উপজেলা পর্যায়ে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর যথেষ্ট সংখ্যক জনবলের অভাব রয়েছে। অল্পসংখ্যক জনবল দ্বারা শিক্ষাকেন্দ্র তথা প্রকল্পের কার্যক্রম তদারকী করা কষ্টসাধ্য ছিল ;
- ১২.৪। প্রকল্পটি বাস্তবায়নের উদ্দেশ্য যথেষ্ট গুরুত্বপূর্ণ হলেও বাস্তবায়ন কৌশল যথাযথ এবং সঠিক না হওয়ায় প্রকল্প সমাপ্তির সাথে সাথে প্রকল্পের যাবতীয় কর্মকান্ডেরও সমাপ্তি ঘটেছে। প্রকল্পের কার্যক্রম Sustainable করা সম্ভব হয়নি।

১৩.০১ সুপারিশঃ

- ১৩.১। কেন্দ্রগুলো রক্ষণাবেক্ষণের জন্য FDR-এর মাধ্যমে গচ্ছিত অর্থ অব্যয়িত অবস্থায় ফেলে না রেখে তা সরকারি কোষাগারে অবিলম্বে ফেরৎ প্রদান করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা বাঞ্ছনীয় ;
- ১৩.২। সরকারি জমিতে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন না করায় এবং কেন্দ্র নির্মাণে বরাদ্দ যথেষ্ট অপ্রতুল হওয়ায় কেন্দ্রগুলো Sustainable করা সম্ভব হয়নি। ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণে এ বিষয়গুলো বিবেচনায় নেয়া সমীচীন, নতুবা প্রকল্প বাস্তবায়নে ব্যয়িত বিপুল পরিমাণ সরকারি অর্থের অপচয়ের সম্ভাবনাকে এড়ানো যায় না ; এবং
- ১৩.৩। প্রকল্পের উপর সম্পাদিত অভ্যন্তরীণ এবং এক্সটার্নাল দুই ধরনের যথেষ্ট সংখ্যক অনির্দিষ্ট অডিট আপত্তি যথাশীঘ্র নিষ্পত্তি করে আইএমইডি-কে অবহিত করতে হবে।

“Capacity Development for Education for All (CapEFA)- Literacy and Non-formal Education Program”

শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৪)

- ১। প্রকল্পের অবস্থান : তেজগাঁও , ঢাকা।
- ২। বাস্তবায়নকারী সংস্থা : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো।
- ৩। প্রশাসনিক মন্ত্রণালয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৪। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন কাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট : ২০০.০০	--	মোট : ২০০.০০	জুলাই, ২০১২	--	জুলাই, ২০১২	--	--
জিওবি: ২০০.০০		জিওবি: ২০০.০০	হতে জুন, ২০১৪		হতে জুন, ২০১৪		

৫। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্র: নং	মূল টিপিপি অনুযায়ী অংগের নাম	একক	পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১.	Strengthening NFE resource centre	থোক	৮.৭৪	১৪ রিসোর্স সেন্টার	৮.৭৪	১৪টি (১০০%)
২.	TAX & VAT	থোক	১০.০০	--	৬.৯৯ (৬৯.৯০%)	--
৩.	Printing training handbook and organizing training	থোক	৩০.৪৪	--	৩০.২৬(৯৯.৪১%)	(৯৯%)
৪.	Training for NFE facilitators	থোক	৩.৮	৪০ জনমাস	৪.২০	৬৫ জনমাস
৫.	Piloting NFE facilitators standard	থোক	৯.১২	৪.৫৬	৯.১২ (১০০%)	৫ (১০০%)
৬.	Finalize core competency for Primary and Vocational skills	থোক	৭.৬	৩.৮	৭.৬ (১০০%)	৩.৮ (১০০%)
৭.	Develop Assessment guidelines for equivalence education	থোক	৭.৬০	৩.৮	৭.৬০ (১০০%)	৬৩.৯৫%
৮.	Develop equivalence learning materials	থোক	১২.৯২	৬.৪৬	১২.০১(৯৩.৯৪%)	৯১%
৯.	Piloting NFE Resource centres linked with	থোক	২৬.৬০	৮ রিসোর্স	২৯.৫০ (১২০%)	১৪ রিসোর্স সেন্টার

ক্র: নং	মূল টিপিপি অনুযায়ী অংগের নাম	পরিকল্পিত লক্ষ্যমাত্রা			প্রকৃত বাস্তবায়ন	
		একক	আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	UISC and organize capacity building for UISC and CRO			সেন্টার		
১০.	Piloting NFE delivery mechanism in 02 districts	থোক	২৭.৫৫	২ জেলা	৩২.৫৫ (১০২.৫%)	২ জেলা ১০০%
১১.	Conducting action research on NFE delivery	থোক	১৩.৩০	৬.৬৫	১৬.৯০ (১২২%)	১৫১.৫০
১২.	Conducting situation analysis of adult literacy and NFE programmes	থোক	১১.৪০	৫.৭	১১.৪০(১০০%)	১০০%
১৩.	Workshop for sharing findings of action research and situation analysis	থোক	৩.৮০	১.৯০	৩.৮০ (১০০%)	১০০%
১৪.	Study Tour in India	থোক	৫.৭০	৬ জন	৫.৭০ (১০০%)	১১ জন (---%)
১৫.	Conduct media campaigns	থোক	১১.৪০	৫.৭০	১০.৫৯(৯২.৮৯%)	৫.৭ (৯৩%)
১৬.	Purchase Laptop (Decimal fraction considered)	থোক	১.৮২	৩	২.৪৩ (১৩৩.৫১%)	১৩৩.৫১
১৭.	Purchase DSLR Camera	থোক	০.৬১	--	--	--
	Grand Total	--	২০০.০০	--	২০০.০০	--

৬। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ কোন উল্লেখযোগ্য কাজ অসমাপ্ত নেই।

৬.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ **পটভূমিঃ** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে সকলের জন্য শিক্ষার অধিকার নিশ্চিত করা আছে। সাংবিধানিক এই বাধ্যবাধকতা ২০০০ সালে ডাকারে অনুষ্ঠিত বিশ্বশিক্ষা ফোরামে গৃহীত ইএফএ –এর উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ। ২০১৪ সালের মধ্যে শতাংশ সাক্ষরতা অর্জনের লক্ষ্যমাত্রা নিয়ে গৃহীত শিক্ষানীতি-২০১০ এ এর উল্লেখ রয়েছে।

বিগত ৩৬ বছর ধরে বাংলাদেশে উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম অব্যাহত আছে যা মৌলিক শিক্ষা এবং সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষার ব্যাপক অংশ জুড়ে বিদ্যমান। এর উদ্দেশ্য হলো ১১ থেকে ৪৫ বছর বয়সীদের মধ্যে সাক্ষরতা অর্জন। এই উদ্দেশ্যে সরকার কর্তৃক বিভিন্ন সময়ে বিভিন্ন প্রকল্প গ্রহণ করা হয়, যেমন-ROSC প্রকল্প, হার্ড টু রিচ প্রকল্প এবং পিএলসিইএইচডি-২ প্রকল্প, ইত্যাদি।

উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমকে অধিকতর শক্তিশালী করার লক্ষ্যে উপানুষ্ঠানিক শিক্ষার প্রাতিষ্ঠানিক ও সাংগঠনিক পলিসি ২০০৬, ইউনেস্কোর এডুকেশন সাপোর্ট স্ট্র্যাটিজি (UNESS) এবং ২০১০ সালে পরিচালিত ক্যাপাসিটি অ্যাসেসমেন্ট আনুষ্ঠানিক এবং উপানুষ্ঠানিক শিক্ষার মধ্যে সংযোগ বৃদ্ধি এবং ইকুইভেলেন্সের গুরুত্ব অনুধাবন করে। এনএফই সাব-সেক্টর শক্তিশালী করার জন্য এতে বিএনএফই-এর প্রাতিষ্ঠানিক এবং সাংগঠনিক দক্ষতা বৃদ্ধির জন্য UNESCO ২০০৫ সাল থেকে সহযোগিতা প্রদান করে আসছে। UNESCO DHAKA বিএনএফই-এর নেতৃত্বে অন্যান্য উন্নয়ন সহযোগী এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সহায়তায় ধারাবাহিক সভা, সেমিনার, ওয়ার্কশপের মাধ্যমে নিম্নলিখিত ফ্রেম ওয়ার্ক প্রণয়ন করে:

- (1) National Framework for NFE delivery
- (2) National Framework for Equivalencing education এবং
- (3) National Framework for Standard and Capacity Development for NFE Teachers/Facilitators.

উল্লিখিত Framework গুলোর উপর ভিত্তি করে UNESCO DHAKA PLCEHD-2 প্রকল্প এবং DFNF- এর সহায়তায় এনএফই'র NFE delivery Framework ও অন্যান্য Framework শক্তিশালী করার জন্য পাইলটিং-এর পরিকল্পনা গ্রহণ করে। সরকারের ঐকান্তিক প্রচেষ্টায় UNESCO DHAKA কর্তৃক রংপুর ও সিলেট এ দুটি জেলায় Framework গুলোর পাইলটিং এর কাজ শুরু হয়।

৬.২ প্রকল্পের উদ্দেশ্যঃ

- (ক) উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচী যথাযথ বাস্তবায়নের জন্য প্রশাসনিক কাঠামো জাতীয় পর্যায়ে থেকে মাঠ পর্যায় পর্যন্ত টেকসই অবকাঠামো ও মনিটরিং মেকানিজমসহ জাতীয় পর্যায়ে থেকে মাঠ পর্যায় পর্যন্ত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর প্রশাসনিক কাঠামো শক্তিশালীকরণ;
- (খ) সর্বস্তরে কারিগরি সহযোগিতা প্রদানের জন্য কারিগরী সহায়তা মেকানিজম প্রতিষ্ঠা করা;
- (গ) বিদ্যমান এনএফই কমিটিগুলোর উন্নয়ন এবং বিভিন্ন স্তরের স্টেকহোল্ডার ও সহযোগীদের সাথে যোগাযোগ ত্বরান্বিত করা;
- (ঘ) সুবিধাবঞ্চিত যুবা বা প্রাপ্তবয়স্কদের জন্য বৃত্তিমূলক দক্ষতা প্রশিক্ষণ এবং শিক্ষার সুযোগ সৃষ্টি করা যা স্থানীয় এবং আন্তর্জাতিক বাজারে তাদের চাকরির সুযোগ তৈরী করবে এবং নিজেদের ক্যারিয়ার গঠনের সহায়তা করবে;
- (ঙ) পেশাগত দক্ষতার মানোন্নয়ন, নিয়োগ, বেতন ও প্রণোদনা ভাতা ইত্যাদি বিষয়সহ এনএফই ফ্যাসিলিটিটরদের অবস্থান উন্নয়নের জন্য একটি ন্যূনতম Standard নির্ধারণ করা; এবং
- (চ) শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য এনএফই শিক্ষক/ফ্যাসিলিটিটর এবং এনএফই প্রফেশনালদের গঠনমূলক দক্ষতা বৃদ্ধির প্রাতিষ্ঠানিকীকরণ।

৬.৩ অনুমোদন পর্যায় ও সংশোধনঃ “Capacity Development for Education for All (CapEFA)- Literacy and Non-formal Education Program” শীর্ষক প্রকল্পটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গত ০৮/০৮/২০১২ তারিখে সম্পূর্ণ ইউনেস্কো –এর অনুদানে ২০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১২ হতে জুন, ২০১৪ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রশাসনিক আদেশ জারী করা হয়। প্রকল্পটি নির্ধারিত সময়ে অর্থাৎ ৩০.০৬.২০১৪ তারিখে সমাপ্ত ঘোষণা করা হয়।

৬.৪ প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্পটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য প্রকল্প মেয়াদে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালকের দায়িত্বে নিয়োজিত ছিলেনঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম ও পদবী	কার্যকাল		প্রকল্প পরিচালকের ধরন
		আরম্ভ	শেষ	
১)	জনাব মোঃ জগলুল হায়দার, সহকারি পরিচালক	১ জুলাই, ২০১২	৩০ জুন, ২০১৪	খন্ডকালীন

৬.৫ মূল্যায়ন পদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছেঃ

- (ক) টিপিপি, মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
- (খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
- (গ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- (ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;
- (ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

৭.০ প্রকল্পের বহর ভিত্তিক বরাদ্দ ও লক্ষ্যমাত্রা, অবমুক্তি ও ব্যয়ঃ

৭.১ আর্থিক অগ্রগতিঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী বরাদ্দ ও লক্ষ্যমাত্রা				অবমুক্ত	জুন, ২০১৪ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি (%)			
	মোট	টাকা	প্রঃ সাঃ	বাস্তব %		মোট	টাকা	প্রঃ সাঃ	বাস্তব%
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২০১২-১৩	১৩২.৮১	--	১৩২.৮১	৬৬.৪০	--	১৩২.৮১	--	১৩২.৮১	৬৬.৪০
২০১৩-১৪	৬৭.১৯	--	৬৭.১৯	৩৩.৬০	--	৬৭.১৯	--	৬৭.১৯	৩৩.৬০
সর্বমোট	২০০.০০	--	২০০.০০		--	২০০.০০	--	২০০.০০	১০০%

৭.২ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন :

উদ্দেশ্য	অর্জন
১) উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচী যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় পর্যায়ে থেকে মাঠ পর্যায় পর্যন্ত টেকসই অবকাঠামো ও মনিটরিং মেকানিজমসহ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর প্রশাসনিক কাঠামো শক্তিশালীকরণ;	১) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সাংগঠনিক কাঠামো শক্তিশালীকরণের লক্ষ্যে কনসালটেশন সভা, কর্মশালা অনুষ্ঠান ও প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ;
২) সর্বস্তরে কারিগরি শিক্ষা প্রদানের জন্য কারিগরী শিক্ষা সহায়তা প্রদানের জন্য একটি মেকানিজম প্রতিষ্ঠা করা;	২) জেলা, উপজেলা, ইউনিয়ন ও কমিউনিটি পর্যায়ে কারিগরি সহায়তা প্রদানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রকল্পের আওতায় টেকনিক্যাল সাপোর্ট কমিটি গঠন করা হয়েছে ;
৩) বিদ্যমান এনএফই কমিটিগুলোর উন্নয়ন এবং বিভিন্ন স্তরের স্টেকহোল্ডার ও সহযোগীদের সাথে যোগাযোগ ত্বরান্বিত করা ;	৩) ন্যাশনাল প্রফেশনাল Body (NPB) পুনর্গঠন করা হয়েছে । প্রকল্পের দু'টি পাইলট জেলাতে ইউনিয়ন পর্যায়ে Education Standing Committee গুলো পুনর্গঠিত করা হয়েছে । এছাড়া, জেলা পর্যায়ে NFE কমিটি ব্যতিরেকে NFE Resource Team গঠন করা হয়েছে;
৪) সমাজের সুবিধাবঞ্চিত যুবক ও বয়ঃপ্রাপ্তদের জন্য বৃত্তিমূলক দক্ষতা প্রশিক্ষণ এবং সাধারণ শিক্ষার সুযোগ সৃষ্টি করা যা স্থানীয় ও আন্তর্জাতিক বাজারে	৪) প্রারম্ভিকভাবে ১০ টি ট্রেডের জন্য কারিকুলাম প্রস্তুত করা হয়েছে। প্রাপ্ত বয়স্কদের জন্য কমিউনিটি লার্নিং সেন্টারের (CLC) মাধ্যমে দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ।

চাকুরীর সুযোগ সৃষ্টি ও নিজেদের ক্যারিয়ার গঠনে সহায়ক হবে; এবং	এছাড়া এলাকার সকলের জন্য শিক্ষার সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রকল্পের পাইলট জেলা দু'টির ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সে ইউনিয়ন উপানুষ্ঠানিক শিক্ষা রিসোর্স সেন্টার প্রতিষ্ঠা করা হয়েছে; এবং
৫) পেশাগত দক্ষতার মানোন্নয়ন, নিয়োগ, বেতন ও প্রণোদনা ভাতা ইত্যাদি বিষয়সহ এনএফই ফ্যাসিলিটিটরদের অবস্থার উন্নয়নের জন্য ন্যূনতম NFE নির্ধারণ করা ;	৫) পেশাগত দক্ষতার মান, নিয়োগ, পারিশ্রমিক ও প্রণোদনা ভাতাসহ ফ্যাসিলিটিটরদের ন্যূনতম মান বৃদ্ধির জন্য একটি ফ্রেমওয়ার্ক প্রস্তুত করা হয়েছে।

৭.৩ **প্রকল্পের অশান্তিতিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ** প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) হতে প্রাপ্ত প্রকল্পের অশান্তিতিক আর্থিক ও বাস্তব অগ্রগতি নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলোঃ

(ক) **রাজস্ব খাতঃ** প্রকল্পের আওতায় রাজস্ব খাতে কোন বরাদ্দ ছিল না তাই কোন ব্যয়ও দেখানো হয়নি।

(খ) **অনুদানঃ** প্রকল্পটির অনুমোদিত টিপিপিতে বিভিন্ন অংগের বিপরীতে থোক হিসেবে মোট ২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়। প্রকল্প মেয়াদে প্রতিটি অংগের বিপরীতে কোনটি কম/বেশি ব্যয় দেখানো হয়েছে। বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণটাই ব্যয় করা হয়েছে। এখাতে আর্থিক অগ্রগতি ১০০% এবং বাস্তব অগ্রগতি ১০০%।

৭.৪ **পর্যবেক্ষণঃ**

৭.৫ **মনিটরিংঃ** প্রকল্প মেয়াদে প্রকল্পের আওতায় নিয়োগকৃত মনিটরিং কর্মকর্তা এবং উপজেলা শিক্ষা কর্মকর্তার তত্ত্বাবধানে প্রকল্পের কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হয়েছে।

৮। **উদ্দেশ্য অর্জিত না হলে তার কারণ :** প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে।

৯। **প্রকল্প পরিদর্শনঃ** গত ২৫-১১-২০১৫ তারিখে আইএমইডি কর্তৃক প্রকল্প কার্যালয় পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং UNESCO Bangladesh-এর সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন । তাঁরা প্রয়োজনীয় তথ্য দিয়ে সহায়তা করেন।

প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাবলীঃ

প্রকল্পটি পাইলট ভিত্তিতে রংপুর ও সিলেট জেলায় বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয় । প্রকল্পের মূল সুবিধাভোগী এলাকার নিরক্ষর বয়স্ক জনসাধারণ এবং বিদ্যালয় থেকে বারে পড়া শিক্ষার্থীদের জন্য শিক্ষার সুযোগ সৃষ্টি করাই ছিল এ প্রকল্পের মূল উদ্দেশ্য । এ উদ্দেশ্যকে সামনে রেখে রংপুর জেলার ৮ টি ইউনিয়নে মোট ২৫ টি Community Learning Centre (CLC) এবং সিলেট জেলার ৬ টি ইউনিয়নে ২১ টি Community Learning Centre (CLC) স্থাপন করা হয়েছে । প্রকল্পভুক্ত ১৪ টি ইউনিটের প্রতিটিতে একটি করে Non-Formal Education Resource Centre (NRC) প্রতিষ্ঠা করা হয়েছিল । ইউনিয়ন পর্যায়ে স্থাপিত Community Learning Centre (CLC) গুলো NRC দ্বারা পরিচালিত হয়েছে । রংপুর জেলার কয়েকটি ইউনিয়নে হরিজন সম্প্রদায়ের জন্য এবং সিলেট জেলার কয়েকটি ইউনিয়নে অবস্থিত চা বাগানের শ্রমিকদের জন্য Community Learning Centre স্থাপন করা হয় । এ সেন্টারগুলোতে প্রচলিত শিক্ষার পাশাপাশি বিদ্যমান বিভিন্ন সামাজিক সমস্যার যেমন “ইভটিজিং”, “শিশু ও মাতৃমৃত্যুর হার” ইত্যাদি তাদেরকে সচেতন করে তোলার প্রয়াস নেয়া হয় । এ সকল প্রশিক্ষণ কেন্দ্রের জন্য কোন নির্দিষ্ট প্রশিক্ষক নিয়োগ করা হয়নি ; সাধারণতঃ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে বিশেষজ্ঞ প্রশিক্ষকগণ আমন্ত্রণ করে এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

বর্তমানে প্রকল্পের কার্যক্রম ইউনিয়ন পরিষদের নিয়মিত কার্যক্রমে পরিণত হয়েছে । Community Learning Centre গুলো বর্তমানে স্থানীয় বিভিন্ন বিত্তবান ব্যক্তিবর্গের ডোনেশন ও ইউনিসেফের অর্থায়নে পরিচালিত হচ্ছে মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে ।

১০। **বাস্তবায়ন সমস্যাঃ**

১০.১ প্রকল্পটি যদিও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অধীনে বাস্তবায়িত হয়েছে মর্মে কাগজে কলমে উল্লেখ আছে কিন্তু প্রকৃতপক্ষে সকল ধরনের কার্যাবলী ও আর্থিক বিষয়াদি ইউনেস্কোর সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হয়েছে। বস্তুতঃ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র সাথে প্রকল্পের সমন্বয়ের যথেষ্ট অভাব ছিল মর্মে প্রকল্পসূত্রে অবহিত করা হয়েছে;

- ১০.২ টিপিপি'র অনুমোদিত অংগ ভিত্তিক ব্যয় বিবরণী পর্যালোচনান্তে দেখা যায়, কতিপয় অংগের অনুমোদিত বরাদ্দের অতিরিক্ত ব্যয় করা হয়েছে। উদাহরণ স্বরূপ, “Piloting NFE delivery Mechanisium in 02 Districts” খাতে অনুমোদিত বরাদ্দ ২৭.৫৫ লক্ষ টাকার বিপরীতে ব্যয়িত হয়েছে ৩২.৫৫ লক্ষ টাকা যা বরাদ্দের ১১৮%। এছাড়া প্রকল্পের আওতায় পাইলট ভিত্তিতে ৮ টি CLC স্থাপনের সংস্থান থাকলেও প্রকৃতপক্ষে স্থাপন করা হয়েছে ১৪ টি এবং ব্যয়িত হয়েছে ২৬.৬০ লক্ষ টাকার স্থলে ২৯.৫০ লক্ষ টাকা। Action Research on NFE Delivery অংগেও অনুমোদিত বরাদ্দের অতিরিক্ত ৩.৬০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এক্ষেত্রেও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সাথে প্রকল্পের অর্থায়নকারী UNESCO সমন্বয়হীনতা প্রতীয়মান হয় ; এবং
- ১০.৩ প্রকল্প চলাকালীন অথবা প্রকল্প সমাপ্তির পর কোন অডিট কার্যক্রম পরিচালিত হয়নি মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সূত্রে জানা যায়।

১১। সুপারিশঃ

- ১১.১ আলোচ্য কারিগরি সহায়তা প্রকল্পটির অনুমোদিত প্রকল্প দলিলে প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে অতিরিক্ত ব্যয়ের বিষয়টি আদৌ কাম্য নয়, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ খতিয়ে দেখতে পারে; এবং
- ১১.২ প্রকল্প কার্যক্রমের যথাশীঘ্র অডিট কার্যক্রম পরিচালনা করে তা আইএমইডি'কে অবহিত করতে হবে।

“Equivalence Non-Formal Vocational Education Curriculum Development Project (Revised)” শীর্ষক কারিগরী সহায়তা

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর, ২০১৩)

- ১। প্রকল্পের অবস্থান : ঢাকা।
- ২। বাস্তবায়নকারী সংস্থা : উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
- ৩। প্রশাসনিক মন্ত্রণালয় : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- ৪। প্রকল্পের বাবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
মোট-১৬.০০ টাকা- -- প্র:সা:১৬.০০	মোট-১৬.০০ টাকা- -- প্র:সা:১৬.০০	মোট-১১.১৫ টাকা-১১.১৫ প্র:সা: --	জুলাই, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৩	জুলাই, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৩	জুলাই, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৩	--	--

৫। প্রকল্পের অর্থায়ন : বাংলাদেশ সরকার ও ইউনেস্কো।

৬। প্রকল্পের অংশভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি : (সংস্থা কর্তৃক সরবরাহকৃত PCR এর তথ্যের ভিত্তিতে)

(লক্ষ টাকায়)

ক্র: নং	পিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত ডিপিপি অনুযায়ী পরিকল্পিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক (%)	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭
	কর্মসূচী ব্যয় :					
১.১)	এক্সপার্ট-পোল্ডি	জন	১.০৮	১	১.০৮ (১০০%)	১ (১০০%)
১.২)	এক্সপার্ট-ওয়েল্ডিং	জন	১.০৮	১	১.০৮ (১০০%)	১ (১০০%)
১.৩)	এক্সপার্ট-এগ্রিকালচার মেশিনারীজ	জন	১.০৮	১	১.০৮ (১০০%)	১ (১০০%)
১.৪)	এক্সপার্ট-হাউজ কিপিং	জন	১.০৮	১	১.০৮ (১০০%)	১ (১০০%)
১.৫)	এক্সপার্ট-কুকিং	জন	১.০৮	১	১.০৮ (১০০%)	১ (১০০%)
১.৬)	এক্সপার্ট-কেয়ার গিভিং	জন	১.০৮	১	১.০৮ (১০০%)	১ (১০০%)
	ওয়ার্কশপ	সংখ্যা	১.৭২	২	১.৬৭ (৯৭%)	২ (১০০%)
	স্টেশনারী দ্রব্যাদি	থোক	০.৬০	--	০.৬০ (১০০%)	--
	ফিল্ড টেস্টিং	সংখ্যা	০.৮০	৬	০.৮০ (১০০%)	৬ (১০০%)
	যানবাহন ও জ্বালানী	সংখ্যা	০.৭০	৬	০.৭০ (১০০%)	৬ (১০০%)
	স্টাডি ট্যুর (থাইল্যান্ড)	সংখ্যা	৪.৪০	৪	--	--
	ভ্যাট/ট্যাক্স	থোক	০.৪০	-	--	-
	কন্টিনজেন্সি	থোক	০.৯০	--	০.৯০ (১০০%)	--
	মোট=	--	১৬.০০	--	১১.১৫ (৭০%)	--

প্রকল্পটির মূল প্রাক্কলিত ব্যয় ছিল ১৬.০০ লক্ষ টাকা। পরবর্তীতে প্রকল্পটি মোট প্রাক্কলিত ব্যয়ে অপরিবর্তিত রেখে সংশোধন করা হয়। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের বিপরীতে ব্যয় হয়েছে ১১.১৫ লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ৭০% এবং অব্যয়িত অর্থ ৪.৮৫ লক্ষ টাকা সরকারী কোষাগারে জমা করা হয়েছে মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।

৬.১ প্রকল্পের অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতি :

- ১) **বিশেষজ্ঞ ও পরামর্শক** : মূলত ৯ টি ট্রেডের জন্য কারিকুলাম তৈরীর ব্যবস্থা থাকলেও পরবর্তীতে সংশোধিত প্রকল্পের আওতায় ৬ জন বিশেষজ্ঞ নিয়োগের মাধ্যমে ৬ টি ট্রেডের জন্য প্রশিক্ষণ কারিকুলাম প্রণয়ন করা হয়েছে। এ কাজের জন্য এখাতে বরাদ্দ রাখা হয়েছিল ৬.৪৮ লক্ষ টাকা। বরাদ্দকৃত অর্থ পুরোটাই ব্যয় করা হয়েছে এবং বাস্তব অগ্রগতিও ১০০%।
- ২) **কর্মশালা** : প্রকল্পের আওতায় সকল Report ও Documentation চূড়ান্ত করার লক্ষ্যে ০২ টি কর্মশালা অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা নেয়া হয়েছিল এবং ১.৭২ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছিল। দু'টি কর্মশালাই অনুষ্ঠিত হয়েছে এবং ১.৬৭ লক্ষ টাকা (৯৪.১%) ব্যয়িত হয়েছে।
- ৩) **স্টেশনারী দ্রব্যাদি এবং লজিস্টিকস সাপোর্ট** : স্টেশনারী খাতে থোক বরাদ্দ হিসেবে ০.৬০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছিল এবং এর পুরোটাই ব্যয় করা হয়েছে।
- ৪) **ফিন্ড টেস্টিং** : এখাতে বরাদ্দ রাখা হয়েছিল ০.৮০ লক্ষ টাকা এবং পুরো অর্থ ব্যয় করা হয়েছে।
- ৫) **যাতায়াতের জন্য যানবাহন ও জ্বালানী** : প্রকল্পের আওতায় ৬ টি যানবাহন ভাড়া করা এবং এর জ্বালানী বাবদ ০.৭০ লক্ষ টাকা বরাদ্দের পুরোটাই ব্যয় করা হয়েছে।
- ৬) **স্টাডি টুর** : প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ০১ জন, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো থেকে ০২ জন এবং বিএনসিইউ এর ০১ জন কর্মকর্তার জন্য থাইল্যান্ডে শিক্ষা সফরে যাওয়ার কর্মসূচী প্রকল্পের আওতা য় রাখা হয়েছিল। কিন্তু সময় স্বল্পতার কারণে উল্লিখিত শিক্ষা সফরটি বাস্তবায়ন করা করা সম্ভব হয়নি। ফলে এখাতে বরাদ্দকৃত ৪.৪০ লক্ষ টাকার পুরোটাই অব্যয়িত থেকে গেছে।
- ৭) **ভ্যাট/ট্যাক্স** : এখাতে ০.৪০ লক্ষ টাকা বরাদ্দ ছিল, কিন্তু যে সকল খাতে ভ্যাট/ট্যাক্স প্রযোজ্য ছিল তা স্ব স্ব খাত থেকে মেটানো হয়েছে, তাই এখাতে কোন টাকা ব্যয় হয়নি।
- ৮) **কন্টিনজেন্সী** : এখাতে বরাদ্দকৃত ০.৯০ লক্ষ টাকার পুরোটাই ব্যয় করা হয়েছে।

৭। সাধারণ পর্যবেক্ষণ :

৭.১ প্রকল্পের পটভূমি :

উপানুষ্ঠানিক শিক্ষা লাভের পর শিক্ষার্থীরা আনুষ্ঠানিক শিক্ষার মূল ধারায় ফিরে আসার জন্য অথবা উপানুষ্ঠানিক শিক্ষার দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে অবতীর্ণ হওয়ার জন্য উৎসাহী হয়। কিন্তু প্রকৃতপক্ষে উপানুষ্ঠানিক শিক্ষার মাধ্যমে অর্জিত দক্ষতার কোন স্বীকৃতি না থাকায় উপানুষ্ঠানিক শিক্ষার্থীগণ শিক্ষালাভের পর নানারূপ প্রতিবন্ধকতার সম্মুখীন হয়। কারণ প্রচলিত আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক ভোকেশনাল শিক্ষার মধ্যে পার্থক্য রয়েছে। এ কারণে আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক ভোকেশনাল শিক্ষার মধ্যে Equivalence স্থাপন করার প্রয়োজনীয়তা অনুভূত হয়। ধারণা করা হয় যে, আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক ভোকেশনাল শিক্ষার মধ্যকার পার্থক্য দূরীকরণের জন্য একটি Equivalence Education System প্রবর্তিত হলে শিক্ষার্থীদের ক্ষেত্রে এ প্রতিবন্ধকতা দূর হবে। এর ফলে তারা পরবর্তী শিক্ষা লাভের সুযোগ পাবে অথবা চাকুরী/কর্ম প্রাপ্তির ক্ষেত্রে সুবিধা লাভ করবে। এর পরিপ্রেক্ষিতে আলোচ্য কারিগরী সহায়তা প্রকল্পটি বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন এর অর্থায়নে ২০,০০০ মার্কিন ডলার অর্থাৎ ১৬.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১২ হতে জুন, ২০১৩ মেয়াদে গ্রহণ ও বাস্তবায়ন করা হয়।

৭.২ প্রকল্পের উদ্দেশ্য : প্রকল্পের মূল উদ্দেশ্যাবলী ছিল নিম্নরূপ :

- ক) Pre-vocational-I, Pre-vocational Education এবং Basic skills/National skill Certificate-এর জন্য Equivalence Non-Formal Vocational Education Curriculum প্রণয়ন ;
- খ) আনুষ্ঠানিক ভোকেশনাল এডুকেশন এবং উপানুষ্ঠানিক ভোকেশনাল এডুকেশন কারিকুলামের মধ্যকার পার্থক্য (gap) চিহ্নিতকরণ;
- গ) আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক শিক্ষার কতিপয় নির্বাচিত ট্রেড কোর্সের মধ্যে Equivalency আনয়ন।

৭.৩ প্রকল্পের মূল কার্যক্রম : প্রকল্পের মূল কার্যক্রম ছিল আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক ভোকেশনাল শিক্ষার মধ্যে বৈষম্য দূরীকরণের জন্য নির্বাচিত ৬ টি ট্রেডের উপর Equivalence Non-Formal Education Curriculum প্রণয়ন করা।

৮। **অনুমোদন পর্যায় :** বিবেচ্য প্রকল্পটি ১৬.০০ লক্ষ টাকা (ইউনেস্কো অনুদান) প্রাক্কলিত ব্যয়ে জুলাই, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত মেয়াদকালে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ১৫ নভেম্বর, ২০১২ তারিখে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রশিক্ষণ প্রদানের জন্য ট্রেডের সংখ্যা ও নাম পরিবর্তন এবং প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়ন মেয়াদ অপরিবর্তিত রেখে কতিপয় খাতে অব্যয়িত অর্থ অন্য প্রয়োজনীয় খাতে বরাদ্দ প্রদানের কারণে কারিগরী সহায়তা প্রকল্পটি ১৭.১১.২০১৩ তারিখে সংশোধন করা হয়।

৯। প্রকল্পের অনুকূলে সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বছর ভিত্তিক বরাদ্দ ও অগ্রগতি :

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দ ও অগ্রগতি			অর্থ ছাড়	বছর ভিত্তিক ব্যয় ও বাস্তব অগ্রগতি		
	মোট	টাকা	প্রঃ সাঃ		মোট	টাকা	প্রঃ সাঃ
২০১২-২০১৩	১৬.০০	০.০০	১৬.০০	১১.১৫	১১.১৫	০.০০	১১.১৫
মোট=	১৬.০০	০.০০	১৬.০০	১১.১৫	১১.১৫	০.০০	১১.১৫

১০। প্রকল্প ব্যবস্থাপনা : প্রকল্পের শুরু হতে সমাপ্তি পর্যন্ত নিম্নবর্ণিত কর্মকর্তা “প্রকল্প পরিচালক”-এর দায়িত্ব পালন করেন:

ক্র:নং	কর্মকর্তার নাম	পদবী	দায়িত্ব গ্রহণ	দায়িত্ব অর্পণ	ধরন
০১)	জনাব সাইফুল ইসলাম	উপ-পরিচালক, বাংলাদেশ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো	জুলাই, ২০১২	এপ্রিল, ২০১৩	খন্ডকালীন
০২)	জনাব শামীমা নাগিস	উপ-পরিচালক (উপ-সচিব)	এপ্রিল, ২০১৩	প্রকল্প সমাপ্তি পর্যন্ত	খন্ডকালীন

১১। প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জন :

প্রকল্পের উদ্দেশ্য	প্রকৃত অর্জন
ক) Pre-vocational-I, Pre-vocational Education এবং Basic skills/ National skill Certificate-এর জন্য Equivalence Non-Formal Vocational Education Curriculum প্রণয়ন ;	ক) Pre-voc-I, এবং Pre-voc-II level এর স্ট্যান্ডার্ড বজায় রেখে ওয়েল্ডিং, কৃষি যন্ত্রপাতি, হাঁস/মুরগী পালন, হোম মেকিং/হাউজ কিপিং এবং কেয়ার গিডিং-এ ৬ টি ট্রেডের উপর Equivalence Non-Formal Vocational Education Curriculum প্রণয়ন করা হয়েছে;

<p>খ) আনুষ্ঠানিক ভোকেশনাল এডুকেশন এবং উপানুষ্ঠানিক ভোকেশনাল এডুকেশন কারিকুলামের মধ্যকার পার্থক্য (gap) চিহ্নিতকরণ ; এবং</p>	<p>খ) আনুষ্ঠানিক ভোকেশনাল এডুকেশন এবং উপানুষ্ঠানিক ভোকেশনাল এডুকেশন কারিকুলামের মধ্যকার পার্থক্য (gap) হ্রাস করার লক্ষ্যে একটি Bridging Course এর Framework তৈরী করার উদ্দেশ্যে একটি guideline প্রণয়ন করা হয়েছে।</p> <p>মাঠ পর্যায়ে সকল টার্গেট গ্রুপের উপর ০৬ টি ট্রেডের উপর প্রণীত উপানুষ্ঠানিক ভোকেশনাল এডুকেশন কারিকুলামের সম্ভাব্যতা জরীপ পরিচালনা করা হয়েছে; এবং</p>
<p>গ) আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক শিক্ষার কতিপয় নির্বাচিত ট্রেড কোর্সের মধ্যে Equivalency আনয়ন।</p>	<p>গ) নির্বাচিত কয়েকটি ট্রেডের উপর প্রণীত আনুষ্ঠানিক ও উপানুষ্ঠানিক ভোকেশনাল শিক্ষার কারিকুলামের Equivalency Standard যাচাই করা হয়েছে।</p> <p>সরকারের নীতি নির্ধারকগণ ভোকেশনাল শিক্ষার ক্ষেত্রে Equivalent শিক্ষা পদ্ধতি প্রবর্তনের বিষয়ে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সচেতন আছেন মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সূত্রে জানা গেছে।</p>

১২। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ : প্রকল্পের আওতায় কোন কাজ অসমাপ্ত নেই। তবে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে থাইল্যান্ডে একটি শিক্ষা সফরের ব্যবস্থা রাখা ছিল, কিন্তু তা সময় স্বল্পতার কারণে বাস্তবায়ন করা যায়নি মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।

১৩। মল্যায়ন পদ্ধতি (Methodology) : মল্যায়ন প্রতিবেদনটি পণ্যনে নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনসরণ করা হয়েছে :

- ক) টিপিপি ও পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা;
- খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত Project Completion Report (PCR) পর্যালোচনা;
- গ) PEC, Project Steering Committee, Project Implementation Committee (PIC) ইত্যাদি গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- ঘ) প্রকল্পের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
- ঙ) প্রাপ্ত তথ্যের উপর সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৪। মনিটরিং :

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এবং প্রকল্প পরিচালক প্রকল্পের কার্যাবলী নিয়মিত মনিটরিং করেছেন মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) সূত্রে জানা যায়। আইএমইডি কর্তৃক সরাসরি মনিটরিং করা হয়নি, তবে প্রকল্পের অগ্রগতি সংক্রান্ত বিভিন্ন সভায় আইএমইডি'র কর্মকর্তাগণ অংশগ্রহণ করেছেন।

১৫। অডিট সম্পর্কিত তথ্য :

- ক) অভ্যন্তরীণ অডিট : প্রকল্পের অভ্যন্তরীণ অডিট কার্যক্রম ডিসেম্বর, ২০১৩ মাসে এবং জানুয়ারী, ২০১৫ মাসে মোট ০২ (দুই) বার পরিচালনা করা হয়েছে এবং কোন অডিট আপত্তি উত্থাপিত হয়নি মর্মে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) সূত্রে জানা গেছে।
- খ) এক্সটার্নাল অডিট : পরিদর্শনের দিন পর্যন্ত প্রকল্পের কোন এক্সটার্নাল অডিট করা হয়নি মর্মে পিসিআর সূত্রে জানা যায়।

১৬। প্রকল্প পরিদর্শন :

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অধীনে বাস্তবায়িত “Equivalence Non-Formal Vocational Education Curriculum Development (Revised)” শীর্ষক প্রকল্পটির কার্যালয় গত ২০.০৫.২০১৫ তারিখে পরিদর্শন করা হয়। তবে পরিদর্শনকালে প্রকল্প বাস্তবায়নের সাথে সরাসরি জড়িত ছিলেন এমন কোন কর্মকর্তা উপস্থিত ছিলেন না। সহকারি পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা উপস্থিত ছিলেন যিনি তথ্য প্রদান করে যথাসম্ভব সহায়তা করার চেষ্টা করেছেন।

১৬.১ প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য :

প্রকল্পসূত্রে জানা গেছে যে, মূল প্রকল্প দলিলে উপানুষ্ঠানিক ভোকেশনাল শিক্ষার জন্য মোট ০৬ (নয়) টি ট্রেডের উপর কারিকুলাম প্রণয়নের ব্যবস্থা রাখা হয়েছিল। ট্রেডসমূহ ছিল : ১) ওয়েল্ডিং, ২) ইলেক্ট্রনিক্স (মোবাইল, কম্পিউটার, টিভি ও রেডিও সার্ভিসিং), ৩) ডেস মেকিং, ব্লক, প্রিন্টিং ও এমব্রয়ডারী, ৪) হোম মেকিং, কুকিং ও কেয়ার গিভিং, ৫) এগ্রিকালচার মেশিনারীজ, ৬) টাইলস্ফিটিংস, ৭) ইলেকট্রিক্যাল হাউজ ওয়ারিং, ৮) পোল্ট্রি এবং ৯) বিউটিশিয়ান। তবে, ইতোমধ্যে ILO এর TEVET Reform Project- এর আওতায় ১) ইলেকট্রনিক (মোবাইল, কম্পিউটার, টিভি এবং রেডিও সার্ভিসিং), ২) ডেস মেকিং, ব্লক, প্রিন্টিং ও এমব্রয়ডারী, ৩) টাইলস্ফিটিংস, ৪) ইলেকট্রিক্যাল হাউজ ওয়ারিং, ৫) বিউটিশিয়ান-এ ৫ টি ট্রেডের কারিকুলাম প্রণয়ন করার ফলে দ্বৈততা পরিহার করার লক্ষ্যে আলোচ্য প্রকল্প হতে উল্লিখিত ৫ টি ট্রেড বাদ দেয়ার পক্ষে সিদ্ধান্ত গৃহীত হয়। অতঃপর সর্বসম্মতিক্রমে একক উৎস ভিত্তিক পদ্ধতি অনুসরণপূর্বক শিক্ষা মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেকনিক্যাল এডুকেশন বোর্ড (BTEB)-কে ৬ টি ট্রেডের উপর কারিকুলাম প্রণয়নের জন্য কার্যাদেশ প্রদান করা হয়।

১৬.২

প্রকল্প বাস্তবায়নকালে এক পর্যায়ে প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় এমর্মে আলোচনা হয় যে, হোম মেকিং, কুকিং ও কেয়ার গিভিং ট্রেডটির প্রতিটির জন্য আলাদা আলাদা Industrial Skill Council (ISC) আছে যাদের দ্বারা কম্পিটেন্সি নির্ধারণ করা হয়। Pre-voc-I, এবং Pre-voc-II উভয় ক্ষেত্রেই ০৩ মাস ব্যাপী ৩৬০ ঘন্টা শিখন সময় (ইংরেজী, বাংলা, পরিবেশ ও জীবনদক্ষতা বিষয়ক) নির্ধারণ করা হয়ে থাকে, তাই উল্লিখিত ৩ টি ট্রেডকে একসঙ্গে রাখা হলে শিখন বিষয়বস্তুর সমতা (Equivalency) বজায় রাখা সম্ভব হবে না। আন্তর্জাতিক অকুপেশন লিস্ট অনুযায়ী হোম মেকিং, কুকিং ও কেয়ার গিভিং-এ ৩ টি ট্রেডকে আলাদা আলাদা ট্রেড হিসেবে বিবেচনা করা হয়। তাই উল্লিখিত ০৩ টি ট্রেডকে একত্রে না রেখে আলাদা আলাদা শিরোনামে কারিকুলাম তৈরীর বিষয়ে স্টিয়ারিং কমিটি কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়। তবে “হোম মেকিং” ট্রেডের নাম পরিবর্তন করে “হাউজ কিপিং” নামকরণ করা হয়। এর ফলশ্রুতিতে প্রকল্পের আওতায় চূড়ান্তভাবে ৬ টি ট্রেডের কারিকুলাম প্রণীত হয়েছে মর্মে প্রকল্পসূত্রে জানা গেছে।

১৭। বাস্তবায়ন সমস্যা :

- ১৭.১ প্রকল্পটির আওতায় ০৬ টি ট্রেডের কারিকুলাম প্রণয়ন করা হয়েছে মর্মে জানা গেছে, কিন্তু প্রণীত কারিকুলামগুলো বাস্তবায়নের হালনাগাদ অবস্থা সম্পর্কে কোন তথ্য পাওয়া সম্ভব হয়নি, ফলে প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্য কতটা অর্জিত হয়েছে তা জানা সম্ভব হচ্ছে না ;
- ১৭.২ প্রকল্প সমাপ্ত হওয়ার পর এর বিভিন্ন ডকুমেন্টসহ যাবতীয় নথিপত্র সংরক্ষণের দায়িত্ব কার উপর অর্পিত আছে-এ বিষয়টি স্পষ্ট নয়। বস্তুত প্রকল্প সম্পর্কিত তথ্যাদি পেতে বেশ বেগ পেতে হয়েছে এবং প্রকল্প বাস্তবায়নের কোন চিত্র সংগ্রহ করা সম্ভব হয়নি; এবং
- ১৭.৩ প্রকল্প সমাপ্ত হয়েছে ডিসেম্বর, ২০১৩। অদ্যাবধি প্রকল্পের উপর কোন এক্সটার্নাল অডিট সম্পন্ন করা হয়নি।

১৮। সুপারিশ :

- ১৮.১ প্রকল্পের আওতায় নির্বাচিত ৬ টি ট্রেডের জন্য প্রণীত কারিকুলামগুলো বাস্তবায়নের হালনাগাদ অবস্থা সম্পর্কিত তথ্য আইএমইডি'তে প্রেরণ করতে হবে ; এবং
- ১৮.২ প্রকল্পটির উপর অডিট কার্য যথাশীঘ্র সম্পন্ন করে অডিট প্রতিবেদন আইএমইডি'তে প্রেরণ করতে হবে।